দৈনিক বাংলা

তারিখ ... 18/6/79 ...
পৃষ্ঠা ... 3 ... কলাম ... 5 ...



# ঢাকায় ইউনেস্কো বিজ্ঞান মিশন

বাংলাদেশের উন্নয়ন তৎপরতার উপযোগী বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণার যোগ্যতা এখানে কতখানি তা পরীক্ষা করে দেখার জন্য ৯-সদস্যের একটি উচ্চ পর্যায়ের ইউনেস্কো বিজ্ঞান মিশন রোববার ঢাকায় এসে পৌঁছেছেন।

বাসসের খবরে প্রকাশ, যুক্তরাষ্ট্রের এসোসিয়েশন ফর এডভান্সমেন্ট অব সায়েন্স-এর প্রেসিডেন্ট ও সাবেক কংগ্রেস সদস্য ডঃ ই কিউ ডাডারিওর নেতৃত্বে এই মিশন বাংলাদেশে প্রায় এক মাস অবস্থান করবেন।

বিমান বন্দরে বাসসর প্রতিনিধির সঙ্গে আলাপ প্রসঙ্গে ডঃ ডাডারিও বলেন, এদেশের বর্তমান বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত সম্ভাব্যতার সমগ্র ক্ষেত্র পরীক্ষা করে দেখা এবং বিভিন্ন উন্নয়ন তৎপরতায় তা কিভাবে কাজে লাগানো যায় সে সম্পর্কে সুপারিশ করাই তাঁদের এ সফরের উদ্দেশ্য।

তিনি বলেন, এখানে অবস্থানকালে মিশনের সদস্যগণ বিভিন্ন শিল্প, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণা এবং শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন এবং এক্ষেত্রে স্থানীয় বিশেষজ্ঞ ও নেতৃবৃন্দের সঙ্গে তারা মত বিনিময় করবেন।

মিশনের অপর সদস্যরা হচ্ছেন: যুক্তরাষ্ট্রের ডঃ বোস হ্যামন্ড, যুক্তরাজ্যের প্রফেসর এম ডব্লিউ থিং, ভারতের শংকর নারায়ণ, যুক্তরাষ্ট্রের ডঃ মার্গারিট জেরেম কিম, তুরস্কের প্রফেসর নেফামি, ফ্রান্সের [illegible] ডঃ এম ইয়াসুভেভান, আর্জেন্টিনার [illegible] ডঃ গুয়েলপো পজ্জি এবং যুক্তরাজ্যের ডঃ হেনরী এ টেটৌজিন।